# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -১৭ (العبر -১৭)

(১) ঈমান ও আমলের স্বাধীনতা না থাকলে নিজের সবকিছু এমনকি প্রিয় জন্মভূমি ত্যাগ করতে এবং যেকোন কষ্টকর মুছীবতসমূহ বরণ করতে ঈমানদারগণ রাযী হয়ে যান। ছাহাবায়ে কেরামের হিজরতের ঘটনাবলী আমাদেরকে সেই শিক্ষা দান করে।

(২) কাফেররা ঈমানদারগণের বিরুদ্ধে পিতৃধর্ম ত্যাগ ও দলভাঙ্গার অজুহাত দেখালেও তাদের মূল উদ্দেশ্য থাকে ‘দুনিয়া’। দুনিয়াবী স্বার্থ হাছিলে বাধা মনে করেই তারা সর্বদা ইসলামী দাওয়াতকে বাধাগ্রস্ত এমনকি নির্মূল করতে চেষ্টা করে থাকে।

(৩) পেশীশক্তি দিয়ে মুমিনকে পর্যুদস্ত করা গেলেও তার ঈমানকে নির্মূল করা যায় না। বিরোধী শক্তি তাই ইসলামী আদর্শকে সর্বদা ভীতির চোখে দেখে। মক্কার মুসলমানেরা কুরায়েশ নেতাদের কোন ক্ষতি না করলেও তারা তাদের উপরে অবর্ণনীয় যুলুম করে কেবল তাদের ঈমানের ভয়ে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5348

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন